

নকলে বাধা দেয়ায় দুই অধ্যাপিকাকে লাঞ্চিত করেছে ছাত্রদল কর্মীরা

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ পরীক্ষায় নকল করতে না দেয়ায় গতকাল রোববার জগন্নাথ বিশ্ববিদ্যালয় কলেজের একদল ছাত্রদল কর্মী কলেজের দু'মহিলা অধ্যাপককে লাঞ্চিত করেছে। তারা অধ্যাপকের কক্ষ এবং কলেজের দ্বিতীয় তলার ৮/১০টি শ্রেণীকক্ষ ভাঙচুর করে। জানা যায়, অনার্স পাট-১-এর সাবসিডিয়ারী (রিসার্চ) পরীক্ষায় প্রশ্ন কমন না পড়ায় পরীক্ষার্থীরা হলে হৈ চৈ শুরু করে। কর্তব্যরত শিক্ষকদের কাছে ছাত্ররা নকল করার সুযোগ দাবী করে। পরীক্ষা শেষ হওয়ার আগেই কিছু ছাত্র হল ত্যাগ করে ছাত্রদলের ৭/৮ জন ছাত্রের ক্যাডরের নেতৃত্বে কলেজের অধ্যক্ষ আয়েশা শিরীন রহমানের কক্ষ এবং দোতলার ২০৯, ২১০, ২১১, ২১২, ২১৩সহ ৮/১০টি কক্ষ ভাঙচুর করে। ছাত্রদল কর্মীরা এ সময় ইতিহাস বিভাগের অধ্যাপক নাসরিন সুলতানা এবং বাংলা বিভাগের নিলুফার ইসলামকে সামনে পেয়ে গালিগালাজ করে এবং ধাক্কা দেয়। ছাত্রদল কর্মীরা এ সময় পদার্থ বিজ্ঞান বিভাগের অধ্যাপক নূরুল আনোয়ারকেও অপমান করে বলে জানা যায়। এ ব্যাপারে ছাত্রদল জগন্নাথ কলেজ শাখার সভাপতি কাজী রওনাকুল ইসলাম টিপু বলেন, এই ঘটনার সাথে ছাত্রদলের কোন সম্পর্ক নেই। আওয়ামী লীগপন্থী শিক্ষকরাই এর জন্য দায়ী। উল্লেখ্য, গত সপ্তাহে জগন্নাথ কলেজের ছাত্রলীগ নেতা গোলাম ফারুক স্বপনকে নকলরত অবস্থায় শিক্ষা প্রতিমন্ত্রী এহসানুল হক মিলন নিজে ধরে ফেলে বহিষ্কার করেন। এই ঘটনার পর থেকে পরীক্ষায় নকলের ব্যাপারে বেশ কড়াকড়ি হাফিজ বলে জানা যায়।